রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, জুলাই ১৮, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/১৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ২২৬-আইন/২০২৩।**—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৬, ধারা ৬০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা রেয়াত প্রদানে বিধিনিষেধ লঙ্ঘনের জন্য জরিমানা নির্ধারণ বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর অধীন গঠিত বীমা নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) "কর্তৃপক্ষের তহবিল" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর ধারা ২ এর দফা (খ) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষের তহবিল;

(ঘ) "বীমা" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ২ এর দফা (২৮) এ সংজ্ঞায়িত বীমা;

(ঙ) "ব্যক্তি" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ২ এর দফা (৩২) এ সংজ্ঞায়িত ব্যক্তি;


**মূল্য :** টাকা ৪·০০

(চ) "রেয়াত" অর্থ বীমা গ্রহণ, নবায়ন অথবা অব্যাহত রাখিবার বা ঝুঁকি গ্রহণের ক্ষেত্রে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কমিশন ব্যতিত অন্য যেকোনো অতিরিক্ত কমিশন বা উহার অংশবিশেষ বা পলিসিতে প্রদর্শিত রেয়াত হিসাবে প্রিমিয়ামের কোনো অংশ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **রেয়াত প্রদানে বিধিনিষেধ লঙ্ঘনের জন্য জরিমানা।**—(১) কোনো ব্যক্তি আইনের ধারা ৬০ এর বিধান লঙ্ঘন করিলে উক্ত ব্যক্তিকে নিম্নবর্ণিত ছকের কলাম (২) এ উল্লিখিত পরিমাণ রেয়াতের জন্য কলাম (৩) এ উল্লিখিত পরিমাণ অর্থ জরিমানা করা যাইবে, যথা :—

| **ক্রমিক নং** | **রেয়াতের পরিমাণ** | **জরিমানার পরিমাণ** |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | অনূর্ধ্ব ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত | রেয়াতের পরিমাণের ৪০% তবে ১০% এর কম নহে। |
| ২। | ১ (এক) লক্ষ ১ (এক) টাকা হইতে ৩ (তিন) লক্ষ টাকা পর্যন্ত | রেয়াতের পরিমাণের ৪৫% তবে ১৫% এর কম নহে। |
| ৩। | ৩ (তিন) লক্ষ ১ (এক) টাকা হইতে ৬ (ছয়) লক্ষ টাকা পর্যন্ত | রেয়াতের পরিমাণের ৫০% তবে ২০% এর কম নহে। |
| ৪। | ৬ (ছয়) লক্ষ ১ (এক) টাকা হইতে ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত | রেয়াতের পরিমাণের ৫৫% তবে ২৫% এর কম নহে। |
| ৫। | ১০ (দশ) লক্ষ ১ (এক) টাকা হইতে তদূর্ধ্ব পর্যন্ত | রেয়াতের পরিমাণের ৬০% তবে ৩০% এর কম নহে। |

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত জরিমানার অর্থ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত যেকোনো তফসিলি ব্যাংকে কর্তৃপক্ষের তহবিল এর অনুকূলে জমা প্রদান করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাহিদ হোসেন**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd